দৈনিক
ইত্তেফাক

তারিখ 28 NOV 2017
পৃষ্ঠা 8 কলাম 6

### ঢাবির ইসলামিক স্টাডিজ বিভাগ

# উত্তরপত্রে প্রশ্নের নম্বর না লেখায় আটকে গেল রেজাল্ট

কবির কানন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের পঞ্চম সিমেস্টারের সমাপনী পরীক্ষায় উত্তরপত্রে প্রশ্নের নম্বর না লেখায় দুই ছাত্রীর চূড়ান্ত ফলাফল স্থগিত রাখা হয়েছে বলে অভিযোগ উঠেছে। যদিও এই ক্ষেত্রে রেজাল্ট আটকে রাখার কোনো নিয়ম নেই বলে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস সূত্রে জানা গেছে।

ইসলামিক স্টাডিজ বিভাগের সম্মান পঞ্চম সিমেস্টার ২০১৭ এর সমাপনী পরীক্ষার ''ইন্ট্রোডাকসন টু ইসলামিক ল', 'পারসোনাল ল' অ্যান্ড 'ল অব ইনহেরিটেন্স ইন ইসলাম' বিষয়ক কোর্সে এই ঘটনা ঘটেছে।

জানা গেছে, এই কোর্স পরীক্ষায় পার্ট 'এ' ও পার্ট 'বি' অংশে ৮টি প্রশ্নের মধ্যে মোট চারটি প্রশ্নের উত্তর লেখার নির্দেশনা ছিল। দুই ছাত্রী দুই অংশ হতে চারটি প্রশ্নের উত্তর লিখেন। কিন্তু তারা কোন প্রশ্নের উত্তর লিখেছেন তার নাম্বার দেননি। এতে কোর্স শিক্ষক অধ্যাপক মু.মুসলেহ উদ্দীন নিজে প্রশ্নের নম্বর লিখে দিয়ে উত্তরপত্র মূল্যায়ন করেন। কিন্তু আরেক কোর্স শিক্ষক ও পরীক্ষা কমিটির সমন্বয়ক অধ্যাপক ড.মু.শফিক আহমেদ উত্তরপত্র দুটি মূল্যায়ন থেকে বিরত থাকেন। পরে পরীক্ষা কমিটির প্রধান অধ্যাপক ড. মু. ইউসুফ ইবনে হুসাইন বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর একটি চিঠি দিয়ে কি ঘটেছে তা জানতে চান। পরীক্ষা নিয়ন্ত্রক অফিস জানতে পারেন যে, কোর্স শিক্ষক অধ্যাপক মু.মুসলেহ উদ্দীন উত্তরপত্র দুটিতে উত্তর দেখে প্রশ্নের নাম্বারিং করে উত্তরপত্র মূল্যায়ন করেছেন কিন্তু কোর্স শিক্ষক অধ্যাপক ড.মু.শফিক আহমেদ উত্তরপত্র দুটি মূল্যায়নই করেননি। পরে বিষয়টি জটিল উল্লেখ করে পরীক্ষা নিয়ন্ত্রক বাহালুল হক চৌধুরী সিদ্ধান্ত নেওয়ার বিষয়টি উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামানের কাছে পাঠিয়ে দেন।